-৮০-

বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)
BIGM-SICIP প্রকল্প
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

**বিজ্ঞপ্তি**

**বিষয়: অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে SICIP প্রকল্পের আওতায় BIGM-কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে (সামগ্রিকভাবে ২৩তম ব্যাচ) কর্মকর্তা/প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অর্থায়নে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচ (সামগ্রিকভাবে ২৩তম ব্যাচ) **আগামী ২০ ডিসেম্বর ২০২৫ তারিখ** হতে বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM), ই-৩৩, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে আরম্ভ হবে।

২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| | |
|---|---|
| (ক) | উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কমকর্তাগণ (যাদের বয়স ৩০ হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন; |
| (খ) | প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষস্থান অধিকারী ৬-৮ জন (৪ অনুপাত ১ হারে) কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য বিদেশে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে; |
| (গ) | "Policy Analysis" কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM–এ অনুষ্ঠিত Strategic Management, Rise to Lead: Developing Future Leaders এবং Sustainable Future: Environmental Challenges and Climate Change কোর্সের মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারী সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন। |
| (ঘ) | কোর্সটি সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। |
| (ঙ) | প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতি কর্মদিবসে যাতায়াত ভাতা হিসেবে ৬০০ টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হবে। |
| (চ) | মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ১০ সপ্তাহ BIGM-এ সংযুক্ত থাকবেন। |

৩। আগ্রহী কর্মকর্তাগণকে **আগামী ১০ ডিসেম্বর ২০২৫ তারিখের** মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **পরিচালক, বিআইজিএম**, আগারগাঁও, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। কোর্স সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্সের ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর জনাব দেবাশীস দাস, মোবাইল নং ০১৯৩২৬৯৮৪৭২ এর সাথে যোগাযোগ করা যাবে।

২৭/১১/২০২৫

**(বণিক গৌর সুন্দর)**
প্রোগ্রাম ডিরেক্টর
BIGM-SICIP
ইমেইল: banik.gour@bigm.edu.bd

বরাবর
পরিচালক
বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (BIGM)
আগারগাঁও, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ:** প্রোগ্রাম ডিরেক্টর, পলিসি এনালাইসিস কোর্স, BIGM-SICIP।

**মাধ্যম:** যথাযথ কর্তৃপক্ষ।

**বিষয়: Policy Analysis প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে (সামগ্রিকভাবে ২৩তম ব্যাচ) মনোনয়ন আবেদন।**

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ৪র্থ ব্যাচে (সামগ্রিকভাবে ২৩তম ব্যাচ) অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম:

| | | | |
|---|---|---|---|
| ১। | নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল | : | |
| ২। | জন্ম তারিখ | : | |
| ৩। | বয়স (১০ ডিসেম্বর ২০২৫) | : | |
| ৪। | চাকরিতে যোগদানের তারিখ | : | |
| ৫। | ক্যাডারের নাম ও ব্যাচ | : | |
| ৬। | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ | : | |
| ৭। | মোবাইল নম্বর | : | |
| ৮। | ইমেইল নম্বর | : | |

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ